## সম্পাদকীয় / Editorial

চৈতন্যরূপী মহাকাল স্থির অচঞ্চল। কিন্তু প্রবহমান কালের অধিশ্বরীরূপা দেবী কালিকা স্বতঃচঞ্চল। বিচিত্র তাঁর রূপ — কখনও বরাভয়রূপী পরম মমতাময়ী সৃষ্টি পরিপালিকা জগন্মাতা, আবার কখনও রুদ্রাণী ভয়ঙ্করী পাপনাশিনী চামুণ্ডারূপিণী। সৃষ্টিমাত্র তাঁর লীলার ক্রীড়নকমাত্র। প্রকৃতির স্নিগ্ধ অথবা তাণ্ডবরূপ তাঁরই ইচ্ছানুসারে সংঘটিত। বর্তমান বছরের নিদাঘকালে এই সর্বব্যাপী দাবদাহ, তাঁরই রূদ্রাণীরূপের স্ফুরণ।

প্রকৃতির দহনরোষকে সাক্ষী করে আমরা সদ্য কাটিয়ে এলাম প্রভু জগন্নাথদেবের পুণ্য স্নানযাত্রা তিথি— শুরুপূর্ণিমার পুণ্য তিথি সমাগত। চতুর্দিকে অসুরশক্তি যখন সনাতন ধর্মে কালিমা লেপনে নিমজ্জিত, তখন মুমূর্বু মানব সমাজ শ্রীশ্রীজগন্নাথদেবের পুণ্যস্মরণে, বন্দনায়, স্তবে-স্কৃতিতে মুখরিত হয়ে উঠুক। প্রভুর রথধ্বজা সনাতন ধর্মের বিজয়কেতন রূপে সদা উড্ডীন থাকুক — ভক্ত কুলের ইহাই আকুল প্রার্থনা।

আজ এই পুণ্য তিথিতে ভক্তি বিগলিত চিন্তে আমরা স্মরণ করি পরমলীলা-সংঘটক শিবতুল্য ব্রহ্মর্যি বশিষ্ঠদেবকে যিনি যুগে যুগে অবতীর্ণ হয়েছেন ভক্ত মানবকুলকে জগতের পঙ্কিলতা থেকে উদ্ধারকরতঃ জ্ঞানের আলোকদিশায় উত্তীর্ণ করার জন্য। যুগে যুগে তিনিই রামগান-বিভোর শ্রীতুলসীদাস, তিনিই সাধককবি শ্রীজয়দেব, তিনিই তন্ত্রসিদ্ধ মাতৃআরাধক শ্রীরামপ্রসাদ ও শ্রীবামান্ধ্যাপা, তিনিই যুগবরেণ্য অবতারবরিষ্ঠ শ্রীশ্রীতৈলঙ্গস্বামী ও শ্রীশ্রীরামকৃষ্ণপরমহংসদেব — আবার তিনিই পরম মমতাময় সর্বজনবরেণ্য সাধক শ্রীশ্রীসচ্চিদানন্দ পরমহংস। সর্বত্র একই মহাসত্তা — শুধু রূপ বিভিন্ন, নাম বিভিন্ন। তারাপীঠের মহাশ্মশানে সেই সর্বজনবরেণ্য মহাত্মা জীবকুলের উদ্ধারনিমিত্ত অভিষিক্ত করেছিলেন শ্রীশ্রীতারামাকে, যিনি পরাৎপরা চিন্ময়ী ত্রিশুণত্রয়-স্বরূপা আদিভূতা সনাতনী নিত্যানিত্য-স্বরূপা জগন্ময়ী ত্রিলোকজননী। আজ শ্রীশ্রীগুরুপূর্ণিমার পুণ্য তিথিতে হিরণ্যগর্ভের এই সঙ্কলনটি সেই যুগপুরুষের শ্রীচরণে নিবেদন করে আমরা ধন্য হলাম।



Sublime consciousness that straddles eternal time is forever tranquil while Goddess Kalika, the supreme power that controls manifestation of finite time, is ever playful. Sometimes She is overbearingly compassionate, bestowing her creations with life-force and boons; on occasions She is ruthless, hostile, destroying evils at random whenever Her creations indulge in irreverent pursuits. We are, as it were, mere toys in Her hands. The current state of atrocious heat that is pervading our nature is perhaps a manifestation of Her wrath.

We have just completed celebrating the auspicious occasion of the ablution ceremony (snan-yatra) of Shri Shri Jagannathdev while another equally auspicious occasion of Guru Purnima is knocking at the door. While the impudent irreligious people are busy profaning the "sanatan dharma", let the pious bow their head on the holy feet of Lord Jagannath in abject obeisance to invoke His compassion so that the flag atop His divine chariot proclaim the ultimate victory of truth and righteousness over the evils.

On the auspicious occasion of Guru Purnima, we bow our heads in humble obeisance to Brahmarshi Vasisthadev, one of the greatest personalities in the sublime spiritual world, who has graced this mortal world through the ages to deliver the oppressed mankind from the shackles of social triviality, to elevate us from mere mortals to revered human beings. We see him in the embodiment of Shri Tuldidas, the great saint-poet Shri Joydeva, the tantric doyens Sadhak Ramprosad and Byamakshepa and the great saints (avatar-purush) Shri Shri Tailanga Swami and Shri Shri Ramkrishna Paramhansadeva. In recent times, he graced this world as our beloved Sachchidananda Paramhansa. The persona is the same; only the names differ from birth to birth.

With our hearts full of piety, we offer our homage for this great saint who, solely for the sake of mankind, invoked the blessings of Sree Sree Tara Maa, the tantric manifestation of the supreme Mother power of the universe, the embodiment of all the three facets of spirituality (sattava, rajas and tamas), the primordial force behind everything visible and invisible, tangible and intangible.

On this holy occasion, we consider ourselves blessed by offering this edition of Hiranyagarbha on his sublime feet.